# প্রাথমিক বিদ্যালয়ের কমিটিতে স্থান পাবেন যারা

অনলাইন ডেস্ক




সংগৃহীত ছবি

সরকারি প্রাথমিক বিদ্যালয়গুলোর ব্যবস্থাপনা কমিটি গঠন নিয়ে নতুন নীতিমালা জারি করেছে সরকার। ১২ জনের কমিটিতে সদস্য সচিব হিসেবে থাকবেন বিদ্যালয়ের প্রধান শিক্ষক। গত সোমবার প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের বিদ্যালয়-২ শাখা থেকে জারিকৃত প্রজ্ঞাপনে এসব বিষয় জানানো হয়।



**া পড়ুন**



বাংলাদেশে দারিদ্র্যমোচনে জাকাত হতে পারে প্রধানতম হাতিয়ার



প্রজ্ঞাপনে আরো বলা হয়েছে, সরকারি প্রাথমিক বিদ্যালয়গুলোর ব্যবস্থাপনা কমিটি গঠন এবং

কমিটির দায়িত্ব-কর্তব্য বিষয়ে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় কর্তৃক ইতিপূর্বে জারিকৃত সব প্রজ্ঞাপন/আদেশ বাতিল করা হলো।

**নতুন নীতিমালায় কমিটি গঠনের বিষয়ে যা বলা হয়েছে**—

কমিটির সদস্য সচিব থাকবেন সংশ্লিষ্ট বিদ্যালয়ের প্রধান শিক্ষক/প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত/ চলতি দায়িত্ব)। কমিটির সদস্য সংশ্লিষ্ট বিদ্যালয়ে অধ্যয়নরত ছাত্র-ছাত্রীদের অভিভাবকদের মধ্য হতে মনোনীত একজন বিদ্যোৎসাহী মহিলা অভিভাবক (ন্যূনতম এসএসসি পাস), সংশ্লিষ্ট বিদ্যালয়ে অধ্যয়নরত ছাত্র-ছাত্রীদের অভিভাবকদের মধ্য হতে মনোনীত একজন বিদ্যোৎসাহী পুরুষ অভিভাবক (ন্যূনতম এসএসসি পাস)। বিদ্যালয়ের একজন জমিদাতা/জমিদাতার উত্তরাধিকারী (যদি থাকেন)। সংশ্লিষ্ট প্রাথমিক বিদ্যালয়ের নিকটবর্তী যে কোন সরকারি বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়/ এমপিওভুক্ত (এমপিও) মাদরাসা/ কওমি মাদরাসার একজন শিক্ষক।

সংশ্লিষ্ট প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষকদের মধ্য হতে নির্বাচিত একজন শিক্ষক প্রতিনিধি। সংশ্লিষ্ট বিদ্যালয়ে অধ্যয়নরত ছাত্র-ছাত্রীদের অভিভাবকদের মধ্য হতে নির্বাচিত দুজন মহিলা অভিভাবক। সংশ্লিষ্ট বিদ্যালয়ে অধ্যয়নরত ছাত্র-ছাত্রীদের অভিভাবকদের মধ্য হতে নির্বাচিত দুজন পুরুষ অভিভাবক। ইউনিয়ন পরিষদের সংশ্লিষ্ট ওয়ার্ডের সদস্য/ পৌর এলাকার সংশ্লিষ্ট ওয়ার্ড কমিশনার/সিটি করপোরেশনের কাউন্সিলর।

সংশ্লিষ্ট বিদ্যালয় ক্যাচমেন্ট এলাকার একজন অবসরপ্রাপ্ত সরকারি প্রাথমিক/ সরকারি মাধ্যমিক//এমপিওভুক্ত (এমপিও) মাধ্যমিক বিদ্যালয়/ মাদরাসা/ কওমি মাদরাসার শিক্ষক/ সরকারি কর্মকর্তা/কর্মচারী।

**কমিটি গঠন পদ্ধতি**

কমিটির সদস্য-সংখ্যা সভাপতিসহ মোট ১২ জন হবে। সংশ্লিষ্ট প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও শিক্ষক প্রতিনিধি এবং মাধ্যমিক/ মাদরাসা থেকে নির্বাচিত শিক্ষক প্রতিনিধি ব্যতিরেকে অন্য সদস্যদের থেকে একজন সভাপতি এবং একজন সহসভাপতি নির্বাচিত

হবেন। তবে শর্ত, সভাপতিকে ন্যূনতম স্নাতক বা সমমানের ডিগ্রিধারী হতে হবে। তবে নির্ধারিত শিক্ষাগত যোগ্যতাসম্পন্ন প্রার্থী পাওয়া না গেলে যথাযথ কর্তৃপক্ষের সুপারিশক্রমে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় মনোনয়ন প্রদান করবেন।

পদাধিকারবলে প্রধান/ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক কমিটির সদস্য সচিবের দায়িত্ব পালন করবেন।